

অভিবাসন ব্যয় কমাতে রিক্রুটিং সেবা উপজেলা পর্যায়ে পৌঁছে দিতে হবে

-----প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী

ঢাকা- ২০ জানুয়ারি

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী ইমরান আহমদ, এমপি বলেন; অভিবাসন ব্যয় কমাতে রিক্রুটিং সেবা উপজেলা পর্যায়ে পৌঁছে দিতে হবে। তিনি বলেন- নিরাপদ, সুশৃংখল ও নিয়মিত অভিবাসন প্রক্রিয়ার মাঝে যেন মধ্যসত্ত্বভোগীরা অনুপ্রবেশ না করতে পারে সে ব্যাপারে নজরদারি বাড়ানো হবে। তিনি আরোও বলেন, দুই/তিন স্তরের মধ্যসত্ত্বভোগীর হস্তক্ষেপের কারণেই অভিবাসন ব্যয় অধিকহারে বেড়ে যায়।

প্রতিমন্ত্রী বলেন, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রায় দক্ষ কর্মীর অভিবাসন প্রাধান্য পেয়েছে। বৈদেশিক কর্মসংস্থানে দক্ষতা অপরিহার্য উল্লেখ করে তিনি বলেন, অধিক দক্ষ কর্মীর বৈদেশিক কর্মসংস্থান মানেই অধিক রেমিটেন্স প্রাপ্তি। তিনি আরোও বলেন, অধিক দক্ষ কর্মী ব্যবস্থাপনাই টেকসই উন্নয়নের হাতিয়ার।

আজ সকাল ১১.০০ টায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে প্রতিমন্ত্রী ইমরান আহমদ এমপি'র সাথে বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীস (বায়রা)-র প্রতিনিধিদের এক সৌজন্য সাক্ষাৎকালে একথা বলেন। এর আগে বায়রার প্রতিনিধিবৃন্দ তাঁকে ফুলেল শুভেচ্ছা জানান এবং ক্রেস্ট প্রদান করেন।

এসময় উপস্থিত ছিলেন, মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব রৌনক জাহান, বায়রা'র সভাপতি বেনজির আহমেদ এমপি, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মহাপরিচালক গাজী মোহাম্মদ জুলহাস, এনডিসি; জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক মোঃ সেলিম রেজা, বোয়েসেল এর ব্যবস্থাপনা পরিচালক মরণ কুমার চক্রবর্তী, বায়রার মহাসচিব শামীম আহমেদ চৌধুরী (নোমান), যুগ্ম মহাসচিব তাজুল ইসলামসহ বায়রা'র নির্বাহী কমিটির অন্যান্য সদস্যবৃন্দ।

(মোহাম্মদ রাশেদুজ্জামান)

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

মোবাইল- ০১৭১২৩৮০৪৫৩